গণভোট ২০২৬
সংসদ নির্বাচন
দেশের চাবি
আপনার হাতে

একই স্মারক ও তারিখে প্রতিস্থাপিত

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বরাষ্ট্র মন্ত্রণালয়
রাজনৈতিক-৪ শাখা
www.moha.gov.bd

স্মারক নম্বর-৪৪.০০.০০০০.০৭৭.২১.০২৫.২০২১-৩৩

তারিখ: ০৪ মাঘ ১৪৩২ / ১৮ জানুয়ারি ২০২৬

## প্রজ্ঞাপন

আসন্ন ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচন ও গনভোট অবাধ, সুষ্ঠু ও শান্তিপূর্ণভাবে পরিচালনার লক্ষ্যে সরকার The Arms Act, 1878 (XI of 1878) এর Section 26-এ প্রদত্ত ক্ষমতাবলে নিম্নোক্ত আদেশ জারী করিল:

০২। আগামী ৩১ জানুয়ারি ২০২৬ তারিখের মধ্যে স্থগিতকৃত/ লাইসেন্সভুক্ত আগ্নেয়াস্ত্র ও গোলাবারুদ সমূহ লাইসেন্সধারীর (স্থায়ী/বর্তমান) ঠিকানার নিকটস্থ থানায়/বৈধ ডিলারের নিকট লাইসেন্স গ্রহীতা নিজে/মনোনীত প্রতিনিধির মাধ্যমে জমা প্রদান করবেন। তবে এই আদেশ নিম্নবর্ণিত ব্যক্তিদের ক্ষেত্রে প্রযোজ্য হবে না, যথাঃ

(ক) আইন শৃঙ্খলা রক্ষার সাথে সম্পৃক্ত সকল শৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর সদস্যসহ সকল সামরিক-অসামরিক কর্মকর্তা;

(খ) বিভিন্ন সরকারী, আধাসরকারী এবং বেসরকারী দপ্তর, আর্থিক ও অন্যান্য প্রতিষ্ঠান ও স্থাপনাসমূহে নিয়োজিত নিরাপত্তা প্রহরী;

০৩। "রাজনৈতিক গুরুত্বপূর্ণ ব্যক্তি ও জাতীয় সংসদ সদস্য পদপ্রার্থীদের অনুকূলে 'আগ্নেয়াস্ত্র লাইসেন্স ও রিটেইনার নিয়োগ নীতিমালা, ২০২৫' অনুযায়ী নির্বাচন কমিশনে বৈধভাবে মনোনয়নপত্র দাখিল ও গৃহীত জাতীয় সংসদ সদস্য পদপ্রার্থী এবং তার সশস্ত্র রিটেইনারের ক্ষেত্রে বৈধ অস্ত্র প্রদর্শন নিষিদ্ধকরণ সংক্রান্ত নির্দেশনা প্রযোজ্য হবে না।

০৪। আগামী ১৫ ফেব্রুয়ারি ২০২৬ তারিখ পর্যন্ত লাইসেন্সধারী ব্যক্তির আগ্নেয়াস্ত্র বহন ও প্রদর্শন সম্পূর্ণরুপে নিষিদ্ধ থাকবে।

০৫। এ আদেশ লঙ্ঘনকারীদের বিরুদ্ধে The Arms Act, 1878 এর সংশ্লিষ্ট ধারার বিধান মোতাবেক আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

ব্যাখ্যা: এই আদেশে "শৃঙ্খলা বাহিনী" বলতে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের অনুচ্ছেদ ১৫২-এ বর্ণিত শৃঙ্খলা বাহিনীকে বুঝাবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

আবেদা আফসারী
উপসচিব
ফোন: ০২-৫৫১০০৯৭৭
dspol4moha@gmail.com

বিতরণ (কার্যার্থে):

১। বিজ্ঞ জেলা ম্যাজিস্ট্রেট,................................... (সকল)।
২। পুলিশ সুপার,............................................. (সকল)।
৩। উপপরিচালক, বাংলাদেশ সরকারী ফর্মস ও প্রকাশনা অফিস, ঢাকা (গেজেট প্রকাশের অনুরোধসহ)।

স্মারক নম্বর-৪৪.০০.০০০০.০৭৭.২১.০২৫.২০২১-৩৩

তারিখ: ০৪ মাঘ ১৪৩২ / ১৮ জানুয়ারি ২০২৬

অনুলিপি সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলো: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। প্রধান উপদেষ্টার, মুখ্য সচিব, প্রধান উপদেষ্টার কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
৩। সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, শেরে বাংলা নগর, ঢাকা।
৪। পুলিশ মহাপরিদর্শক, পুলিশ অধিদপ্তর, ঢাকা (এ বিষয়ে তাঁর অধিনস্থ সংশ্লিষ্ট সকল পুলিশ সুপার-কে প্রয়োজনীয় নির্দেশনা প্রদানের অনুরোধসহ)।
৫। মহাপরিচালক, র‌্যাব ফোর্সেস সদর দপ্তর, কুর্মিটোলা, ঢাকা।
৬। বিভাগীয় কমিশনার,.........................(সকল) (এ বিষয়ে তাঁর অধিনস্থ সকল জেলা ম্যাজিস্ট্রেট-কে প্রয়োজনীয় নির্দেশনা প্রদানের অনুরোধসহ)।
৭। পুলিশ কমিশনার,................................................... (সকল)।
৮। উপ-পুলিশ মহাপরিদর্শক,.......................................... (সকল রেঞ্জ)।
৯। মাননীয় উপদেষ্টার একান্ত সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।
১০। সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।
১১। উপসচিব, রাজনৈতিক শাখা-০৬, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।
১২। প্রোগ্রামার, আইসিটি সেল, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা (আদেশটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।

২২/১/২৬

আবেদা আফসারী
উপসচিব